



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd



স্মারক সংখ্যা-বিঅ-৬/৬১১৮/

তারিখ : ১৯-০৩-২০২৪ খ্রি.

বিষয় : কারণ দর্শানো জবাব দাখিল প্রসঙ্গে।

সূত্র : প্রধান শিক্ষকের ১০-০১-২০২৪ তারিখের অনলাইন আবেদন (আইডি-২৪১৮৯)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার চৌগাছা উপজেলাধীন স্বরূপদাহ মাধ্যমিক বিদ্যালয়-এর চলমান এডহক কমিটির সভাপতি চতুর্থ শ্রেণির কর্মচারী মর্মে অভিযোগ দাখিল হওয়ায় গত ২৭-০২-২০২৪ খ্রি. তারিখে তদন্তপূর্বক মতামত দাখিল করার জন্য সিইও, জেলা পরিষদ, যশোর সদর, যশোর-কে অনুরোধ করে পত্র দেয়া হয়। তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক আপনি একজন চতুর্থ শ্রেণির কর্মচারী (অফিস সহায়ক) পদে কর্মরত আছেন এবং নিম্নমান সহকারী পদে পদোন্নতির জন্য আবেদন দাখিল করেছেন মর্মে মতামত দাখিল করেছেন।

এমতাবস্থায়, সিইও, জেলা পরিষদ, যশোর সদর, যশোর-এর মতামত অনুযায়ী আপনি একজন চতুর্থ শ্রেণির কর্মচারী (অফিস সহায়ক) পদে কর্মরত আছেন বিধায় কেন আপনাকে চলমান এডহক কমিটির সভাপতির পদ হতে অব্যাহতি দেয়া হবে না তার জবাব পত্র জারীর ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯-০৩-২০২৪

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

০২৪৭৭৭৬২৭০৫

সভাপতি, এডহক কমিটি
স্বরূপদাহ মাধ্যমিক বিদ্যালয় (EIN : ১১৫৬৪৮)
স্বরূপদাহ, চৌগাছা, যশোর

তারিখ : ১৯-০৩-২০২৪ খ্রি.

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬১১৮/

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, চৌগাছা, যশোর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, চৌগাছা, যশোর।
- ৫। সভাপতি, এডহক কমিটি, স্বরূপদাহ মাধ্যমিক বিদ্যালয়, স্বরূপদাহ, চৌগাছা, যশোর।
- ৬। অফিস কপি।

১৯-০৩-২০২৪

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর